

শ্যামা নামের লাগল আগুন
আমার দেহের ধূপ-কাঠিতে।
যত জ্বালি সুবাস তত
ছড়িয়ে পড়ে চারিভিতে ॥
ভক্তি আমার ধূপের মত
উর্ধ্বে/ব ওঠে অবিরত,
শিব-লোকের দেব দেউলে মার শ্রীচরণ পরশিতে ॥
অন্তর-লোক শুদ্ধ হল পবিত্র সেই ধূপ-সুবাসে,
নীল আকাশে চন্দ্র সম মার হাসিমুখ চিত্তে ভাসে।
সব কিছু মোর পুড়ে কবে
চিরতরে ভস্ম হবে
মার ললাটে আঁক্ব তিলক সেই ভস্ম-বিভূতিতে ॥